

পার্সোনাল গ্যারান্টি ফরম

বরাবর
ব্যবস্থাপক

তারিখ: - -

..... শাখা
পল্লী সঞ্চয় ব্যাংক
(পরবর্তী সকল ক্ষেত্রে 'ব্যাংক'
হিসাবে উল্লেখ করা হয়েছে)।

গ্যা
রা
ন্ট
রে
রে
স্বা
ক্ষ
র

প্রিয় মহোদয়/ মহোদয়া,

আপনাদের ব্যাংক হতে নাম: (পরবর্তী সকল ক্ষেত্রে 'প্রধান দেনাদার' হিসাবে উল্লেখ করা হয়েছে), পিতা/মাতা/স্বামী/স্ত্রী'র নাম:, বর্তমান
ঠিকানা:....., জাতীয় পরিচয় পত্র নম্বর:
..... এর অনুকূলে আপনার ব্যাংকের ঋণ মঞ্জুরীপত্র/ ঋণচুক্তি নং
..... (পরবর্তী সকল ক্ষেত্রে 'ঋণচুক্তি' হিসাবে উল্লেখ করা হয়েছে), তারিখ:
..... (দিন-মাস-সাল) এর মাধ্যমে মঞ্জুরীকৃত ঋণসুবিধা টাকা: (অংকে) (কথায়)
..... (পরবর্তী সকল ক্ষেত্রে 'ঋণ' হিসাবে উল্লেখ করা হয়েছে) প্রদানের বিপরীতে
আমি নাম:..... জাতীয় পরিচয়পত্র নং:
বর্তমান ঠিকানা:, স্থায়ী ঠিকানা:
....., (পরবর্তী সকল ক্ষেত্রে 'গ্যারান্টর' হিসাবে উল্লেখ করা হয়েছে)
অপ্রত্যাহারযোগ্য এবং নিঃশর্তভাবে নিম্নোক্ত গ্যারান্টি প্রদান করছি:

১। প্রধান দেনাদার আপনাদের পাওনা পরিশোধে ব্যর্থ হলে উক্ত ঋণ ও এর উপর আরোপিত মুনাফা/সার্ভিস চার্জ এবং প্রযোজ্য যে-কোনো চার্জ এবং ফি বকেয়া হওয়া সাপেক্ষে আপনাদের প্রথম দাবির নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে প্রধান দেনাদারের প্রসঙ্গ উল্লেখ না করে অথবা উক্ত দাবির বিষয়ে কোন প্রশ্ন/যুক্তিতর্ক উত্থাপন ব্যতিরেকে উক্ত পাওনা পরিশোধে আমি দায়বদ্ধ থাকবো।

২। নির্ধারিত সময়ের মধ্যে গ্যারান্টি সংশ্লিষ্ট দেনা পরিশোধে ব্যর্থ হলে, উক্ত দেনা পরিশোধ না হওয়া পর্যন্ত সময়ে সময়ে ব্যাংক কর্তৃক নির্ধারিত যে-কোনো বিলম্ব পেমেন্ট ফি, চার্জ, ক্ষতিপূরণ ইত্যাদি পরিশোধে আমি দায়বদ্ধ থাকব।

৩। আলোচ্য ঋণচুক্তির আওতায় আমার দায় প্রধান দেনাদারের দায়ের সাথে সমবিস্তৃত /সহব্যাপী (Co-extensive) থাকবে। আলোচ্য ঋণের বিষয়ে ব্যাংক প্রধান দেনাদারের বিরুদ্ধে মামলা দায়ের করার সময় আমাকে বিবাদী পক্ষ করতে পারবে। আদালত কর্তৃক প্রদত্ত রায়, আদেশ বা ডিক্রী সকল বিবাদীর বিরুদ্ধে যৌথভাবে ও পৃথক পৃথকভাবে (Jointly and Severally) কার্যকর হবে এবং ডিক্রী জারীর মামলা সকল বিবাদী-দায়িকের

উভ
য়
হা
তের
বৃদ্ধা
ঞ্জু
লির
ছাপ

বিরুদ্ধে একইসাথে পরিচালিত হবে। তবে শর্ত থাকে যে, ডিক্রী জারীর মাধ্যমে দাবী আদায় হওয়ার ক্ষেত্রে আদালত প্রথমে প্রধান দেনাদার এবং অতঃপর যথাক্রমে তৃতীয় পক্ষ বন্ধকদাতা (Third Party Mortgagor) ও গ্যারান্টর হিসেবে আমার সম্পত্তি যতদূর সম্ভব আকৃষ্ট করবে।

৪। এই গ্যারান্টি একটি ধারাবাহিক নিরাপত্তা হিসেবে গণ্য হবে এবং প্রধান দেনাদার কর্তৃক ঋণচুক্তির অধীনে প্রদত্ত ঋণ সম্পূর্ণরূপে পরিশোধ না হওয়া পর্যন্ত তা কার্যকর থাকবে।

৫। প্রধান দেনাদার বা গ্যারান্টর কর্তৃক ঋণের আংশিক অর্থ পরিশোধের বিপরীতে এই গ্যারান্টির দায় নিষ্পত্তি হবে না।

৬। আমার সম্মতি গ্রহণ সাপেক্ষে ব্যাংক কর্তৃক ঋণ ফেরত প্রদানের জন্য প্রধান দেনাদারকে প্রদত্ত সময় বর্ধিত করা হলে বা প্রধান দেনাদারকে কোনো ছাড় বা অব্যাহতি প্রদান করা হলে বা ঋণচুক্তির কোনো শর্ত পরিবর্তন করা হলে তা এই গ্যারান্টির অধীনে সৃষ্ট আমার দায়কে প্রভাবিত করবে না।

৭। এ গ্যারান্টি আমার এবং আমার উত্তরসূরীদের উপর ব্যাংকের অনুকূলে সৃষ্ট একটি আইনগত দায় এবং ব্যাংকের গঠনতন্ত্র (সংঘবিধি ও সংঘ-স্মারক) পরিবর্তন, ব্যাংক একীভূতকরণ বা ব্যাংকের অধিগ্রহণ সত্ত্বেও উক্ত দায় বহাল থাকবে।

৮। এ গ্যারান্টি ফরমে বর্ণিত শর্তাবলীর আওতায় আলোচ্য গ্যারান্টি পরিচালিত হবে এবং ব্যাংক ও গ্যারান্টি দাতার লিখিত সম্মতি ব্যতীত এই পত্রে বর্ণিত অন্য কোনো দলিল অথবা এই গ্যারান্টি সংশ্লিষ্ট অন্য কোনো দলিলের দ্বারা এ গ্যারান্টি ফরমে বর্ণিত শর্তাবলীর কোনো সংশোধন/পরিবর্তন/পরিবর্ধন করা যাবে না।

৯। ব্যাংক এবং গ্যারান্টর এর উভয় পক্ষের সমঝোতার ভিত্তিতে লিখিত চুক্তির মাধ্যমে এই গ্যারান্টি বাতিল করা যাবে।

১০। প্রদত্ত ঋণের সম্পূর্ণ অর্থ চূড়ান্তভাবে পরিশোধের পর অবিলম্বে এই গ্যারান্টি বাতিল বলে গণ্য হবে এবং গ্যারান্টি ফরমটি আমার অনুকূলে ফেরত প্রদান করতে হবে।

১১। এই গ্যারান্টি বাংলাদেশের বিদ্যমান আইন দ্বারা পরিচালিত এবং নিয়ন্ত্রিত হবে।

১২। প্রধান দেনাদার কর্তৃক ঋণ পরিশোধে ব্যর্থতার কারণে যেমনভাবে তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে তেমনভাবে এ ব্যক্তিগত গ্যারান্টি ফরমটি বাংলাদেশের যে-কোনো উপযুক্ত আদালতে আইনগতভাবে প্রয়োগযোগ্য একটি দলিল হিসাবে গণ্য করা যাবে।

চলমান পাতা-০৩

পাতা নং ৩/৩

১৩। ব্যাংক কর্তৃক এ গ্যারান্টি ফরমে উল্লিখিত গ্যারান্টরের ঠিকানায় অথবা তাঁর সর্বশেষ জ্ঞাত ঠিকানায় দাবি, অনুরোধ বা অন্য যেকোনো উদ্দেশ্যে যেকোনো ধরনের নোটিশ রেজিস্ট্রিকৃত ডাকযোগে প্রেরণ করা হলে তা যথাযথভাবে প্রেরিত হয়েছে মর্মে গণ্য হবে।

১৪। আমি এই মর্মে আরও ঘোষণা করছি যে, আমি এমন কোনো কার্য সম্পাদন করবো না বা করার কারণ হবো না যা উপর্যুক্ত ঋণচুক্তির অধীনে প্রদত্ত ঋণের বিপরীতে ব্যাংকের নিকট গচ্ছিত জামানতের মূল্যমানকে অবমূল্যায়িত/ক্ষতিগ্রস্ত করে অথবা প্রধান দেনাদার বা কোনো সহ-জামিনদার দেউলিয়া হওয়ার ক্ষেত্রে আলোচ্য ঋণ সম্পূর্ণ পরিশোধ হওয়ার পূর্বে আমি তাদের নিকট এমন কোনো দাবি উত্থাপন করবো না যা ব্যাংকের ঋণ ফেরত প্রদানে তাদের জন্য কোনো বাধা তৈরি করে।

নিম্নস্বাক্ষরকারী সাক্ষীগণের সম্মুখে গ্যারান্টর হিসেবে এই ব্যক্তিগত গ্যারান্টি ফরমটি সম্পাদন করা হলো যা উপরে উল্লিখিত তারিখ হতে যথাযথভাবে কার্যকর হবে।

.....

ব্যক্তিগত গ্যারান্টি প্রদানকারীর স্বাক্ষর

নাম:

যোগাযোগের নম্বর:

সাক্ষী নং-১

.....

স্বাক্ষর

পূর্ণ নাম:

পিতা/মাতা/স্বামীর নাম:

ঠিকানা:

সাক্ষী নং-২

.....

স্বাক্ষর

পূর্ণ নাম:

পিতা/মাতা/স্বামীর নাম:

ঠিকানা: